সমকাল

তারিখ 27 DEC 2015
পৃষ্ঠা ... কলাম ...

# জামালপুরে জাল সনদে প্রধান শিক্ষক নিয়োগ

■ জামালপুর প্রতিনিধি

মেলান্দহ উপজেলার খাসীমারা পুঠিয়াপাড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে জাল সার্টিফিকেটধারীকে নিয়োগ দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদ করতে গিয়ে চূড়ান্তভাবে বরখাস্ত হয়েছেন ওই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জিয়াউল ইসলাম। ৯ জুন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হয়। জাল সার্টিফিকেট দিয়ে প্রধান শিক্ষক পদে আবেদন করেন একই স্কুলের সহকারী শিক্ষক মুখলেছুর রহমান। জাল সার্টিফিকেটের বিষয়টি স্কুলের সহকারী প্রধান শিক্ষক জিয়াউল ইসলাম মাধ্যমিক শিক্ষা অফিসারকে লিখিতভাবে জানান। তিনি এর কোনো প্রতিকার না পেয়ে নিয়োগ কার্যক্রমের বিরুদ্ধে ১৭ জুলাই জামালপুরের যুগ্ম জেলা জজ ২য় আদালতে মামলা করেন। মামলার পরিপ্রেক্ষিতে আদালত গত ২১ জুলাই নিয়োগ পরীক্ষাটি স্থগিত রাখার আদেশ দেন।

এদিকে নিয়োগ কার্যক্রমে অস্থায়ী নিষেধাজ্ঞার বিষয়ে ৫ জানুয়ারি শুনানির তারিখ ধার্য হলেও গত ৪ ডিসেম্বর (আগের) তারিখ দেখিয়ে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি, কার্যক্রমে সংশ্লিষ্টদের ম্যানেজ করে আদালতের শুনানির প্রতি তোয়াক্কা না করেই মুখলেছুর রহমানকে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেওয়া হয়। স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মোহাম্মদ আলী জিন্নাহ বলেন, শোকজের জবাব দেওয়ার পর আদালতের আর কোনো নির্দেশনা না পাওয়ায় নিয়োগের ব্যাপারে আমাদের যা কার্যক্রম আমরা করে দিয়েছি। অভিযুক্ত শিক্ষক মুখলেছুর রহমান তার জাল সার্টিফিকেটের বিষয়টি অস্বীকার করে বলেন, এ ব্যাপারে মামলা চলছে।